


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা
(স্থানীয় সরকার শাখা)
www.netrokona.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২০০.০০০.০১১.১১.০০০২.২৫- ৬৪০

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
২০ মে ২০২৬

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা'র গত ১৬ জানুয়ারি ২০১৭ তারিখের ০৫.৪৫.৭২০০.০১১.১১.০০১.১৬.৭৪ এবং ০৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ০৫.৪৫.৭২০০.০১১.১১.০০৬.১৬৫(অংশ-১)-৪৬৫ নং স্মারকসমূহে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে জেলা প্রশাসন, নেত্রকোণা'র অধীনে ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগের লক্ষ্যে আগামী ০৫ জুন ২০২৬ তারিখ রোজ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় নেত্রকোণা সরকারি কলেজ এবং নেত্রকোণা সরকারি মহিলা কলেজে অনুষ্ঠেয় লিখিত পরীক্ষার জন্য প্রার্থীদের অনুকূলে ইতোমধ্যে প্রবেশপত্র অনলাইনে ও ডাকযোগে প্রেরণ করা হয়েছে। আগামী ০৩ জুন ২০২৬ তারিখের মধ্যে কোনো প্রার্থী ডাকযোগে প্রেরিত প্রবেশপত্র না পেয়ে থাকলে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহের জন্য জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং ০২ কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা বরাবর ০৪ জুন ২০২৬ তারিখ অফিস সময়ের মধ্যে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


(খন্দকার মুশফিকুর রহমান)

জেলা প্রশাসক
নেত্রকোণা।

ফোন: ০৯৫১৬১৫১১

ফ্যাক্স: ০৯৫১-৬১২১১

E-mail: dcnetrokona@mopa.gov.bd

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নেত্রকোণা।
২. সহকারী কমিশনার, আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা- প্রেস বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রক
অনুরোধসহ।
৩. মাস্টার ফাইল/অফিস কপি।